# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**17-05-2026** **Time: 7.35 AM**

বিশেষ বিশেষ খবর –

১) মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেছেন, রাজ্যে এতোদিন শাসকের আইন চালু ছিল, কিন্তু এখন থেকে আইনের শাসন প্রতিষ্ঠিত হবে।

২) দক্ষিণবঙ্গের পাঁচ জেলায় বিভিন্ন সরকারী উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতি নিয়ে মুখ্যমন্ত্রী আগামী বৃহস্পতিবার বৈঠকে বসছেন।

৩) রাজ্যে সাতটি গুরুত্বপূর্ণ জাতীয় সড়ক প্রকল্পের নির্মাণ ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব আনুষ্ঠানিকভাবে কেন্দ্রীয় সরকারের হাতে তুলে দিয়েছে রাজ্য সরকার।

৫) আর জি কর মামলার তদন্ত এবার কলকাতা হাইকোর্টের বিচারপতি শম্পা সরকার এবং বিচারপতি তীর্থঙ্কর ঘোষের বেঞ্চে হবে।

৬) যুবভারতী ক্রীড়াঙ্গণে আই এস এল ফুটবলের গুরুত্বপূর্ণ ম্যাচে মোহনবাগান সুপার জায়েন্ট আজ ইস্টবেঙ্গলের মুখোমুখি হবে।

৭) আই পি এল ক্রিকেটে কলকাতা নাইট রাইডার্স গতকাল ইডেনে গুজরাট টাইটান্সকে ২৯ রান হারিয়ে দিয়েছে।

oooooooooooooooooooooooooo

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেছেন, রাজ্যে এতোদিন শাসকের আইন ছিল, কিন্তু এখন থেকে আইনের শাসন প্রতিষ্ঠিত হবে। গতকাল ডায়মন্ড হারবারে প্রশাসনিক বৈঠকে একথা জানিয়ে শ্রী অধিকারি, কেন্দ্র ও রাজ্য সরকারের কোন সামাজিক প্রকল্পে কাটমানি নেওয়া কিংবা পুলিশ আধিকারিক বা রাজনৈতিক নেতাদের বিরুদ্ধে অভিযোগ থাকলে নির্ভয়ে এগিয়ে এসে তা বলার জন্য আহ্বান জানান। তোলাবাজির অভিযোগ পেলেও কড়া ব্যবস্থা নেওয়া হবে বলে মুখ্যমন্ত্রী সতর্ক করেছেন।

(বাইট – মুখ্যমন্ত্রী)

তিনি বলেন, পূর্বতন সরকারের আমলে যারা নানাভাবে অত্যাচারিত হয়েছেন, অথচ ভয়ে অভিযোগ জানাতে পারেননি, তারা নুতন করে থানায় অভিযোগ দায়ের করতে পারবেন। এই প্রসঙ্গে তিনি বলেন, অভিযোগ সত্য হলে পুলিশ কড়া পদক্ষেপ করবে। তবে, তা মিথ্যে প্রমাণিত হলে, অভিযোগকারীর বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

ooooooooooooooooooooooooo

মুখ্যমন্ত্রী হওয়ার পর গতসন্ধ্যায় প্রথমবার নন্দীগ্রাম যান মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। রেয়াপাড়ায় দলীয় কার্যালয়ে, পূর্ব মেদিনীপুর জেলার বেশ কয়েকজন দলীয় বিধায়ক ও দলীয় কর্মকর্তার সঙ্গে বৈঠক করেন তিনি। উল্লেখ্য বিধানসভা নির্বাচনে নন্দীগ্রাম ও ভবানীপুর দুটি আসন থেকে নির্বাচিত হন শুভেন্দু অধিকারী। পরে নন্দীগ্রামের বিধায়ক পদ থেকে ইস্তফা দেন তিনি।

ooooooooooooooooooooooooo

রাজ্যের দক্ষিণবঙ্গের পাঁচ জেলায় বিভিন্ন সরকারি উন্নয়নমূলক প্রকল্পের কাজের অগ্রগতি নিয়ে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বৈঠকে বসতে চলেছেন। আগামী একুশ তারিখ পুরুলিয়া,বাঁকুড়া, বীরভূম এবং দুই বর্ধমান জেলার সঙ্গে আয়োজিত এই বৈঠকে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট জেলাশাসক এবং জেলা পুলিশ সুপারদের নির্দেশ দেওয়া হয়েছে।

একাধিক প্রকল্পের কাজের অগ্রগতি নিয়ে রিপোর্ট পেশ ছাড়াও বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পের সুবিধা সাধারণ মানুষের কাছে পৌঁছে দেওয়ার বিষয়ে সেখানে আলোচনা হতে পারে।

ooooooooooooooooooooooooo

তৃণমূল কংগ্রেস সরকারের আমলে অনুপ্রবেশকারীদের চিহ্নিত করে সমস্ত রেশন কার্ড অবিলম্বে বাতিলের নির্দেশ রাজ্য সরকার দিয়েছে বলে খাদ্যমন্ত্রী অশোক কীর্তনীয়া জানিয়েছেন। উত্তর ২৪ পরগনার বনগাঁয় গতকাল সাংবাদিকদের প্রশ্নের উত্তরে অশোকবাবু বলেন, উদ্বাস্তু মতুয়াদের কোন সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত করা হবে না। তবে তার জন্য মতুয়াদের অবিলম্বে CAA-তে আবেদন করার পরামর্শ দিয়েছেন তিনি।

(বাইট – অশোক কীর্তনীয়া)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মুখ্যমন্ত্রীর নির্দেশের পর ভারত বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্তে নদিয়ায় কাঁটাতারের বেড়া দেওয়ার জন্য জমি হস্তান্তরের তোড়জোড় শুরু হয়েছে। তাদের দাবি কাঁটাতারের বেড়া বসলে নিরাপত্তা ও চাষ আবাদের দীর্ঘদিনের সমস্যা সমাধান হবে।

(বাইট – সাধারণ মানুষ)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে ভোট পরবর্তী হিংসায় আক্রান্ত তৃণমূল কংগ্রেস কর্মীদের আইনি সাহায্য দিতে দল বিশেষ কমিটি তৈরি করেছে। গতকাল কালীঘাটে দলের আইনজীবী নেতাদের সঙ্গে বিষয়টি নিয়ে আলোচনা করেন দলনেত্রী মমতা ব্যানার্জি। উপস্থিত ছিলেন প্রাক্তন মন্ত্রী মলয় ঘটক, চন্দ্রিমা ভট্টাচার্য, প্রাক্তন স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায়, বিধায়ক অশোক দেব, বৈশ্বানর চট্টোপাধ্যায় প্রমুখ। বৈঠকে মমতা ব্যানার্জী বলেন, বহু জায়গায় নেতাকর্মীরা আক্রান্ত হয়েছেন। দল তাদের আইনি সহায়তা দেবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের সাতটি গুরুত্বপূর্ণ জাতীয় সড়ক প্রকল্পের নির্মাণ ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব আনুষ্ঠানিকভাবে কেন্দ্রীয় সরকারের হাতে তুলে দিয়েছে রাজ্য সরকার। মুখ্যসচিবের দফতর থেকে প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, পূর্ত দফতরের অধীনে থাকা এই সড়কগুলির হস্তান্তরে নীতিগত অনুমোদন দেওয়া হয়েছে। এর ফলে দীর্ঘদিন ধরে আটকে থাকা প্রকল্পগুলির কাজ দ্রুত এগোবে বলে মনে করছে প্রশাসন। রাজ্য প্রশাসনের এই সিদ্ধান্তের ফলে এখন থেকে জাতীয় সড়ক কর্তৃপক্ষ (NHAI) এবং জাতীয় মহাসড়ক ও পরিকাঠামো উন্নয়ন সংস্থা (NHIDCL) এই পথগুলির

দেখভাল করবে। যে সাতটি রাস্তা হস্তান্তর করা হয়েছে, তার মধ্যে অন্যতম হলো এনএইচ-৩১২ (NH-312), যা জঙ্গিপুর, ওমরপুর, কৃষ্ণনগর ও বনগাঁ হয়ে ঘোজাডাঙা সীমান্ত পর্যন্ত প্রায় ৩৩০ কিলোমিটার বিস্তৃত। এছাড়া বিহার সীমান্ত থেকে গাজোল পর্যন্ত এনএইচ-৩১ এবং ফারাক্কা পর্যন্ত এনএইচ-৩৩-এর দায়িত্বও পাচ্ছে জাতীয় সড়ক কর্তৃপক্ষ।

অন্যদিকে, উত্তরবঙ্গের কৌশলগতভাবে অত্যন্ত গুরুত্বপূর্ণ বেশ কয়েকটি রাস্তার দায়িত্ব দেওয়া হয়েছে এনএইচআইডিসিএল (NHIDCL)-কে। এর মধ্যে রয়েছে সেভক আর্মি ক্যান্টনমেন্ট থেকে কালিম্পং ও সিকিম সীমান্ত পর্যন্ত নতুন এনএইচ-১০, হাসিমারা থেকে ভুটান সীমান্ত পর্যন্ত এনএইচ-৩১৭এ, বাংলাদেশ সীমান্তমুখী এনএইচ-৭১৭ এবং শিলিগুড়ি থেকে দার্জিলিং পর্যন্ত এনএইচ-১১০।

উল্লেখ্য, কেন্দ্রীয় সড়ক পরিবহণ মন্ত্রকের বারবার অনুরোধ সত্ত্বেও এই প্রস্তাবটি প্রায় এক বছর ধরে অনুমোদনের অপেক্ষায় আটকে ছিল।

oooooooooooooooooooooooooo

আর জি কর মামলার তদন্ত এবার কলকাতা হাইকোর্টের বিচারপতি শম্পা সরকার এবং বিচারপতি তীর্থঙ্কর ঘোষের বেঞ্চে হবে। গত ১২-ই মে বিচারপতি রাজশেখর মান্থা এবং বিচারপতি রাই চট্টোপাধ্যায়ের ডিভিশন বেঞ্চ এই মামলা থেকে অব্যাহতি নেয়। হাইকোর্টের রেজিস্ট্রার জেনারেলের প্রকাশিত তালিকা থেকে নতুন বেঞ্চের কথা জানা গেছে।

মূল অভিযুক্ত সঞ্জয় রায়ের ফাঁসির দাবিতে সিবিআই-এর করা মামলার পাশাপাশি সঞ্জয়-এর নিজেকে নিরাপরাধ বলে দাবি করে একটি আবেদনও নতুন বেঞ্চ শুনবে।

এদিকে, অভয়ার পরিবারও মামলাটির আরও বিস্তারিত তদন্তের দাবি জানিয়েছেন। সেটিরও শুনানি হবে এই বেঞ্চে।

oooooooooooooooooooooooooo

রাজ্যে ডিজিটাল পরিকাঠামো মজবুত করা এবং টেলিকম ব্যবস্থার বিস্তারে রাজ্য সরকার উদ্যোগী হয়েছে। গ্রামীণ এলাকায় ভারত নেট প্রকল্পের গতি বাড়াতে কেন্দ্রীয় সরকারের টেলি কমিউনিকেশন আইনের সঙ্গে সামঞ্জস্য রেখে নতুন নির্দেশিকা প্রকাশ করা হয়েছে। এরফলে রাস্তা বা সরকারী জমির ওপর দিয়ে অপটিক্যাল ফাইবার লাইন নিয়ে যাওয়ার ক্ষেত্রে দ্রুত ছাড়পত্র

মিলবে। এই প্রকল্পটি পুরোপুরি বাস্তবায়িত হলে রাজ্যের গ্রামীণ এলাকার শিক্ষা, টেলি মেডিসিন, ই-গভর্নেন্স এবং কুটীর ও ক্ষুদ্র ব্যবসার ক্ষেত্রে আমূল পরিবর্তন আসবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নবম-দশম শ্রেণীতে তৃতীয় ভাষা শিক্ষা বাধ্যতামূলক করেছে কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পর্ষদ সি বি এস ই। এক নির্দেশিকায় জানানো হয়েছে, জাতীয় শিক্ষানীতি ২০২০-র সঙ্গে সামঞ্জস্য রেখে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

নতুন ব্যবস্থায় ভাষাগুলিকে R-1, R-2 এবং R-3 হিসেবে চিহ্নিত করা হয়েছে। R-1, R-2 বিভাগে দুটি ভারতীয় ভাষা পড়ানো হবে। R-3 বিভাগে যেকোন বিদেশী ভাষা বেছে নেওয়া যাবে। পয়লা জুলাই থেকে এই সিদ্ধান্ত কার্যকর হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা মেট্রোর ব্লু লাইনে শহীদ ক্ষুদিরাম স্টেশন থেকে রেক ঘোরানোর ব্যবস্থা চালু করার কাজের জন্য আজ বেশকিছুটা অংশে ট্রাফিক ব্লক থাকছে। এই সময় শহীদ ক্ষুদিরাম থেকে মহানায়ক উত্তমকুমার স্টেশনের মধ্যে কোন ট্রেন চলাচল করবে না। তবে, দক্ষিণেশ্বর থেকে টালিগঞ্জ বা মহানায়ক উত্তমকুমার স্টেশন পর্যন্ত মেট্রো পরিষেবা স্বাভাবিক থাকবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মোহনবাগান সুপার জায়ান্ট ও ইস্টবেঙ্গল আজ আই এস এল ফুটবলের গুরুত্বপূর্ণ ম্যাচে মুখোমুখি হবে। যুব ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। একটি প্রতিবেদন -

(ভয়েসকাস্ট – অরিজিৎ দত্ত)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ইডেনে গতকাল আইপিএল এর ম্যাচে কলকাতা নাইট রাইডার্স ২৯ রানে গুজরাট টাইটান্সকে হারিয়ে দিয়েছে। গুজরাট টসে জিতে কলকাতাকে ব্যাট করতে পাঠায়। কলকাতা ২০ ওভারে ২ উইকেটে ২৪৭ রান তোলে। জবাবে ব্যাট করতে নেমে গুজরাট ২০ ওভারে ৪ উইকেটে ২১৮ রান তুলতে সমর্থ হয়। এই ম্যাচে জয়ের ফলে প্লে অফে যাওয়ার আশা এখনো জিইয়ে রেখেছে KKR।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০